


# গুগলে যেভাবে সার্চ করবেন

ডা. মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম

যদি আপনি হাই এন্ড ব্যবহারকারী না হয়ে সাধারণ ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে আপনাকে সম্ভবত দিনে কয়েকবার গুগল ব্যবহার করতে হতে পারে। তবে লক্ষণীয়, সাধারণ ব্যবহারকারীদের বেশিরভাগই গুগল ব্যবহার করে ইন্টারনেটে সার্চ করে থাকেন সবচেয়ে সহজ ফরমে। যদি আপনার বর্তমান ব্যবহার গুগলে কিছু ওয়ার্ড টাইপ করে আপনার কাঙ্ক্ষিত তথ্য যতক্ষণ পর্যন্ত না পাচ্ছেন, ততক্ষণ পর্যন্ত সার্চ কোয়েরি পরিবর্তন করার মধ্যে সীমাবদ্ধ থাকেন, তাহলে বিশেষজ্ঞদের পরামর্শ, সার্চের জন্য আরও ভালো যে উপায়গুলো আছে সেগুলো রপ্ত করা উচিত, যা শেখা খুব কঠিন কোনো কাজ নয়।

পক্ষান্তরে, আপনি যদি একজন টেকনোলজিস্ট হয়ে থাকেন, তাহলে গুগল ব্যবহার করতে পারেন অভিজ্ঞদের মতো করে। এ লেখায় ব্যবহারকারীদের উদ্দেশে গুগলের কিছু অ্যাডভ্যান্সড সার্চ টিপ তুলে ধরা হয়েছে, যা মূলত কাজের অভিজ্ঞতাকে আরও সাবলীল ও সহজ করে তুলবে।

গুগলের কিছু অ্যাডভ্যান্স সার্চ টিপ নিচে তুলে ধরা হয়েছে :

## ০১. হুবহু ফ্রেইজ

ধরুন, আপনি ইনবাউন্ড মার্কেটিং সম্পর্কে কোনো তথ্য খোঁজ করছেন। গুগল সার্চ বক্সে inbound marketing টাইপ করার পরিবর্তে ভালো ফল পাবেন হুবহু ফ্রেইজ ব্যবহার করার মাধ্যমে। এজন্য সার্চ ফ্রেইজকে ডাবল কোটের মধ্যে রাখতে হবে। সার্চ উদাহরণ : "inbound marketing"

## ০২. ওয়ার্ড বাদ দেয়া

ধরুন, আপনি ইনবাউন্ড মার্কেটিং সম্পর্কিত কনটেন্ট সার্চ করতে চাচ্ছেন, তবে এ ক্ষেত্রে ফলাফল থেকে বাদ দিতে চাচ্ছেন ওইসব কনটেন্ট, যেখানে advertising টার্মটি রয়েছে। যে ওয়ার্ড বাদ দিতে চাচ্ছেন, সে ওয়ার্ডের আগে মাইনাস (-) সাইন ব্যবহার করুন এ কাজটি করার জন্য। সার্চ উদাহরণ : inbound marketing –advertising

## ০৩. দিস অর দ্যাট

যখন আপনি সার্চ কনডাক্ট বা পরিচালনা করবেন, তখন গুগল সার্চ টার্মে নির্দিষ্ট করা তথ্যের সাথে সংশ্লিষ্ট সব বিষয় সম্পৃক্ত করে। যদি আপনার সার্চ টার্মের সাথে ম্যাচ করা এক বা একাধিক টার্মের মধ্য থেকে যেকোনো একটি ব্যবহার করতে চান, তাহলে OR অপারেটর ব্যবহার করতে পারেন। লক্ষণীয়, এখানে OR-কে ক্যাপিটাল লেটারে লেখা হয়েছে। সার্চ উদাহরণ : inbound marketing OR advertising

## ০৪. টেক্সটে ওয়ার্ড

ধরুন, আপনি একটি ওয়েবপেজ খুঁজে পেতে চান, যেখানে ওই পেজে আপনার সার্চিংয়ের সব টার্ম টেক্সটে আবির্ভূত হবে (তবে অবশ্যম্ভাবীভাবে নয়)। এজন্য allintext: টাইপ করে ফ্রেইজ বা ওয়ার্ড টাইপ করুন। সার্চ উদাহরণ : allintext:vermont ski house lake

## ০৫. টেক্সট + টাইটেল, ইউআরএল ইত্যাদিতে ওয়ার্ড

ধরুন, আপনি একটি ওয়েবপেজ খুঁজে পেতে চান, যেখানে একটি টার্ম আবির্ভূত হয় পেজের টেক্সটে এবং আরেকটি টার্ম আবির্ভূত হয় পেজের অন্য কোথাও, যেমন– টাইটেল বা ইউআরএল। এরপর প্রথম টার্ম টাইপ করুন এবং intext টাইপ করে অন্য টার্ম টাইপ করুন। সার্চ উদাহরণ : neil diamond intext:red sox

## ০৬. টাইটেলে ওয়ার্ড




টাইটেলে কিছু ওয়ার্ডসহ কোনো এক ওয়েবপেজ খুঁজে বের করতে (তবে অবশ্যম্ভাবীভাবে একে অপরের পাশাপাশি নয়) allintitle: । এরপর অন্যান্য টার্ম টাইপ করুন। সার্চ উদাহরণ : allintitle:wine club

## ০৭. ওয়ার্ডে টাইটেল + টেক্সট, ইউআরএল ইত্যাদি

একটি ওয়েবপেজ খুঁজে বের করতে চান, যেখানে একটি টার্ম আবির্ভূত হয় পেজের টাইটেলে এবং অপর টার্ম আবির্ভূত হয় পেজের অন্য কোথাও। প্রথম টার্মটির পর intitle: টাইপ করে অন্য টার্মগুলো টাইপ করুন। সার্চ উদাহরণ : flu shot intitle:advice

## ০৮. ইউআরএলে ওয়ার্ড

ইউআরএলে উল্লেখ করা আপনার সার্চ কোয়েরিসহ পেজ খুঁজে পেতে চাইলে allinurl: টাইপ করার পরপরই সার্চ কোয়েরি টাইপ করুন। সার্চ উদাহরণ : allinurl:hubspot blog

## ০৯. ওয়েবসাইটের মাঝে যেভাবে সার্চ করবেন

আপনি কনটেন্টের জন্য সচরাচর নির্দিষ্ট ওয়েবসাইটে সার্চ করে থাকেন, যা নির্দিষ্ট ফ্রেইজের সাথে ম্যাচ করে। এমনকি সাইট যদি বিল্টইন সার্চ ফিচার সাপোর্ট নাও করে, তাহলে গুগল ব্যবহার করে আপনার টার্মের জন্য সাইট সার্চ করতে পারেন। এ জন্য site:some-

site.com মডিফায়ার ব্যবহার করুন। সার্চ উদাহরণ : site:www.smallbusinesshub.com "inbound marketing"

## ১০. সংশ্লিষ্ট সার্চ

যদি আপনি একটি নতুন ওয়েবসাইট খুঁজে পেতে চান, যেখানে আপনার জানা ওয়েবসাইটের মতো একই ধরনের কনটেন্ট আছে, এ ক্ষেত্রে ব্যবহার করতে পারেন related:somesite.com মডিফায়ার। সার্চ উদাহরণ : related:visual.ly

## ১১. একটি পেজ যা অন্য পেজে লিঙ্ক হয়

ধরুন, আপনি প্রতিটি ওয়েবসাইট সার্চ করতে চাচ্ছেন, যা উল্লেখ করে তাদের ওয়েবসাইটে একটি বাজফিড আর্টিকল। এ কাজটি করার জন্য link: কমান্ড ব্যবহার করুন। এরপর তাৎক্ষণিকভাবে পেজের নাম বসান। গুগল আপনাকে দেবে সব পেজ, যা বাজফিডের অফিসিয়াল ওয়েবসাইট। আরও সুনির্দিষ্ট ইউআরএলের মাধ্যমে আপনি পাবেন আরও কম পয়েন্ট করা ফলাফল। সার্চ উদাহরণ : link:buzzfeed

## ১২. একই ধরনের ওয়ার্ড এবং সিনোনিম

ধরুন, আপনি সার্চে একটি ওয়ার্ড সম্পৃক্ত করতে চাচ্ছেন, আরও সম্পৃক্ত করতে চাচ্ছেন ফলাফল, যা ধারণ করে একই ধরনের ওয়ার্ড বা সিনোনিম। এ কাজটি করার জন্য ওয়ার্ডের সামনে ~ ব্যবহার করুন। সার্চ উদাহরণ : "inbound marketing" ~ professional

## ১৩. ওয়ার্ড ডেফিনেশন

ধরুন, আপনি খুব দ্রুতগতিতে একটি ওয়ার্ড বা ফ্রেইজের ডেফিনেশন পরখ করে দেখতে চাচ্ছেন। এজন্য define: কমান্ড ব্যবহার করুন। আপনি ইচ্ছে করলে ওয়ার্ডের উচ্চারণ শুনতে পারেন মেগাফোন আইকনে চাপ দিয়ে। সার্চ উদাহরণ : define:plethora




## ১৪. মিশিং ওয়ার্ড

ফ্রেইজ থেকে বিশেষভাবে নির্দিষ্ট করা এক বা একাধিক ওয়ার্ড, গানের লিরিক, মুভির বিশেষ কোনো উক্তি বা অন্য কিছু ভুলে গেছেন কী? তাহলে ওয়াইল্ড কার্ড হিসেবে অ্যাসটেরিস্ক বা তারকা চিহ্ন ব্যবহার করতে পারেন, যা আপনাকে ফ্রেইজে মিশিং ওয়ার্ড খুঁজে পেতে সহায়তা করবে। সার্চ উদাহরণ : much * about nothing

## ১৫. সুনির্দিষ্ট লোকেশনের খবর

যদি আপনি নির্দিষ্ট লোকেশন সংশ্লিষ্ট খবর খুঁজে পেতে চান, তাহলে ওই নির্দিষ্ট লোকেশন থেকে আসা খবরের জন্য গুগল নিউজে অনুসন্ধান করে দেখার উদ্দেশ্যে location: কমান্ড ব্যবহার করতে পারেন। সার্চ উদাহরণ : star wars location:london

## ১৬. বিশেষ ধরনের ডকুমেন্ট

আপনি বিশেষ ধরনের ফলাফল খুঁজে পেতে চাচ্ছেন। এজন্য ব্যবহার করতে পারেন file-type: মডিফায়ার। ধরুন, আপনি ইনবাউন্ড মার্কেটিং সংশ্লিষ্ট শুধু পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন খুঁজে পেতে চাচ্ছেন। সার্চ উদাহরণ : "inbound marketing" filetype:ppt

## ১৭. ট্রান্সলেশনস

আপনি কী একটি সাধারণ ওয়ার্ড বা ফ্রেইজকে এক ভাষা থেকে আরেক ভাষায় রূপান্তর তথা ট্রান্সলেট করতে চান? এজন্য আপনাকে ট্রান্সলেশন ওয়েবসাইটে যেতে হবে না। এজন্য আপনাকে শুধু translate [word] to [language সার্চ করতে হবে। সার্চ উদাহরণ : translate krankenwagen to english

## ১৮. ফোন লিস্টিং

ধরুন, কেউ একজন আপনার মোবাইল নাম্বারে কল করল এবং আপনি জানেন না কে সে। যদি আপনাদের সবার কাছে একটি ফোন নাম্বার থাকে, তাহলে ফোনবুক ফিচার ব্যবহার করে গুগলে অনুসন্ধান করে দেখতে পারেন। লক্ষণীয়, আপনাকে প্রকৃত ফোন নাম্বার এন্টার করতে হবে, অন্যথায় কাজ করবে না। সার্চ উদাহরণ : phonebook:617-555-1212

## ১৯. এরিয়া কোড গণ্য করা

একটি ফোন নাম্বারের জন্য আমাদের সবার এরিয়া কোড থাকা দরকার। এজন্য শুধু তিন ডিজিটের এরিয়া কোড এন্টার করলে গুগল আপনাকে বলে দেবে এই এরিয়া কোড কোন এলাকার। সার্চ উদাহরণ : 617

## ২০. জিপ কোড গণ্য করা

যদি ঠিকানার জন্য একটি জিপ কোড আপনার জানার দরকার হয়, তাহলে আমরা সচরাচর টাউন বা সিটির নাম এবং স্টেট, প্রভিন্স বা কান্ট্রিসহ ঠিকানার বাকি অংশের জন্য সার্চ করে থাকি। এর ফলে আমরা একটি এরিয়া কোডসহ ফলাফল পাই, যদি অ্যাপ্লিকেবল হয়। সার্চ উদাহরণ : 25 First St., Cambridge, MA

## ২১. নিউমেরিক রেঞ্জ

এটি কদাচিৎ ব্যবহার হলেও খুবই সহায়ক এক কৌশল। ধরুন, আপনি যেকোনো রেঞ্জ নাম্বারের ফলাফল খুঁজে পেতে চাচ্ছেন। আপনি এটি করতে পারেন X...Y মডিফায়ার ব্যবহার করে। এ ক্ষেত্রে X ও Y এই দুই পিরিয়ডের মাঝে কী আছে তা রিড করা কঠিন। এ ধরনের সার্চ বছরের প্রাইস বা যেকোনো জায়গা যেখানে আপনি এক সিরিজ নাম্বার প্রোভাইড করতে চান সে ক্ষেত্রে এটি সহায়ক হতে পারে। সার্চ উদাহরণ : president 1940..1950

ফিডব্যাক : siam.moazzem@gmail.com

# যেভাবে ইউটিউব ভিডিও ডাউনলোড করবেন

(৬৯ পৃষ্ঠার পর)

অনেক কিছু। এই ফ্রি এবং দ্রুততর কনভার্টার আপনাকে সুযোগ দেবে পছন্দের ইউটিউব ভিডিও কমপিউটার, টিভি বা অন্যসব ডিভাইসে অফলাইনে উপভোগ করার। এটি আরও অফার করে ক্রোম, ফায়ারফক্স এবং সাফারির জন্য ব্রাউজার অ্যাড-অনস ফিচার।

## কিপভিড

কিপভিড নামের ভিডিও ডাউনলোডার টুলটি সাপোর্ট করে ৩০টি সাইটের ডাউনলোড। কিপভিড ডাউনলোডারের কার্যকর ক্ষমতা ভিডিও ডাউনলোডের চেয়ে বেশি। যেমন– সাউন্ডক্লাউড থেকে ডাউনলোডের নজিরও দেখা যায়। এ কাজ করার জন্য শুধু ভিডিওর ইউআরএল পেস্ট করে ডাউনলোডে ক্লিক করতে হবে। এ সময় কোনো অবস্থাতেই বড় বড় বিজ্ঞাপনে প্রলুব্ধ হয়ে ক্লিক করবেন না, যেখানে "download" কথাটি উল্লেখ করা আছে। আপনি ফিরে পাবেন সব সাইজের ভিডিও এবং অডিও উভয় ডাউনলোড বধকারী অপশন। কেননা, এটি মূলত আপনার পছন্দ করা অপশন কনভার্ট করতে পারে না।

## কনভার্টটুঅডিও ডটকম

কনভার্টটুঅডিও ডটকম কনভার্টার টুলটি বর্তমানে অফার করছে ইউটিউব, ডেইলিমোশন, ভিমিও, ফেসবুক, মেটাক্যাফে, ভিকে, সাউন্ডক্লাউড, ইনস্টাগ্রাম এবং এওএল থেকে ফাইল যেমন– ওয়েবএম, এমপিফোর, এএসি, এমফোরএ, এফফোরভি বা থ্রিজিপি ফরম্যাট এপিথ্রি কনভার্সন সুবিধা।

## ফাস্টেডটিউব

ফ্রি অপেরা, সাফারি, ক্রোম, ফায়ফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার, ক্রোমিয়াম-ভিত্তিক ব্রাউজার।

এই ডাউনলোডার টুল সব প্লাটফরমে সক্রিয় এবং এতে রয়েছে ক্রোমের জন্য একটি ইনস্টলার যা গুগল ওয়েব স্টোর-কে এড়িয়ে অর্থাৎ স্কিপ করে যায়। এটি আপনার লোড করা যেকোনো ইউটিউব পেজে রাখে a "download this video" মেনু যেখানে সব ফরম্যাট অপশন সিপ্লেতে থাকে।

## ভিডিও ডাউনলোডারহেল্পার

ভিডিও ডাউনলোডারহেল্পার নামের টুলটি ফ্রি এবং ফায়ারফক্স ও ক্রোম উপযোগী। ভিডিও ডাউনলোডারহেল্পার প্রাপ্ত বয়স্কদের উপযোগী সাইট সহ প্রচুর পরিমাণে সাইট সাপোর্ট করে। এই ফায়ারফক্স স্পেসিফিক এক্সটেনশন যুক্ত হয় অআপনার টুল মেনুতে এবং প্রদান করে ডাউনলোডের জন্য এক গুচ্ছ ফরম্যাট অপশন যখন আপনি সাপোর্টেড ভিডিও সহ পেজে সক্রিয় থাকবেন। এসময় আপনি জানতে পারবেন কখন এক্সটেনশনের জন্য আইকন অ্যানিমেটেড হবে। যদি আপনি প্রিমিয়াম ভার্সনের জন্য আপগ্রেড করেন, তাহলে ফাইলকে কনভার্ট করতে পারবেন, তবে শুধু ফায়ারফক্সের জন্য

ফিডব্যাক : mahmood_sw@yahoo.com